নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নগর ভবন, ১০ বঙ্গবন্ধু সড়ক
নারায়ণগঞ্জ।
www.ncc.gov.bd

২৩/১১/২০১৭খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ৩.৩০ ঘটিকায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের অফিস কক্ষে জনসংযোগ সেল এর কার্য নির্বাহী কমিটির সভার কার্য বিবরনী ঃ-

| | |
|---|---|
| সভার তারিখ | ঃ ২৩ নভেম্বর ২০১৭খ্রিঃ |
| বার | ঃ বৃহস্পতিবার |
| সময় | ঃ বিকাল ৩.৩০ ঘটিকা |
| সভার স্থান | ঃ প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের এর অফিস কক্ষ |
| সভাপতি | ঃ **জনাব এ.এম.এফ এহতেশামূল হক**<br>সভাপতি, জনসংযোগ সেল<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নাম (স্বাক্ষরের ক্রমানুসারে)

১। জনাব এ.এম.এফ এহতেশামূল হক, প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল- সভাপতি
২। জনাব মোঃ আজগর হোসেন, নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল- সদস্য
৩। জনাব কে এম ফরিদুল মিরাজ, প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন- সদস্য
৪। জনাব মোঃ আবুল বাশার, সহকারী সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল- সদস্য
৫। জনাব আলমগীর হিরন, পরিচ্ছন্ন কর্মকর্তা,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল - সদস্য
৬। জনাব মোঃ আবুল হোসেন, পরিচ্ছন্ন কর্মকর্তা,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল - সদস্য
৭। জনাব ফয়েজ আহমেদ, হিসাব রক্ষক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল - সদস্য
৮। জনাব মোঃ মঈনুল ইসলাম, নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল- সদস্য সচিব

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

১) আলোচ্য বিষয় ঃ জনতার মুখোমুখি অনুষ্ঠান আয়োজন প্রসঙ্গে।

আলোচনা ঃ প্রতি বছরের ন্যায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন স্বচ্ছতা, জবাবদিহিতা ও নগরবাসীর অংশগ্রহণ নিশ্চিকরণের লক্ষ্যে **"জনতার মুখোমুখি অনুষ্ঠান ২০১৮"** আয়োজন করার বিষয়ে সভায় প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম ফরিদুল মিরাজ উপস্থিত সকলকে অবহিত করেন। এ অনুষ্ঠানের মাধ্যমে সিটি কর্পোরেশনের সুনগর পরিচালন (Good Governance) নিশ্চিত করা সম্ভব হবে বলে তিনি জানান। এবারের প্রস্তাবিত বিষয়বস্তু ক) নারায়ণগঞ্জ নগরীর রূপকল্প ২০৩০; খ) উল্লেখযোগ্য উন্নয়ন কার্যক্রম সম্পর্কিত আলোচনা গ) ভবিষ্যৎ নগর উন্নয়ন পরিকল্পনা এবং ঘ) উন্মুক্ত আলোচনা।

সিদ্ধান্ত ঃ উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে জনতার মুখোমুখি অনুষ্ঠান আয়োজন ও বাস্তবায়নের বিষয়ে সকলে একমত পোষণ করেন এবং দ্রুত বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য বলা হয়।

২) আলোচ্য বিষয় ঃ স্মার্ট সিটি ক্যাম্পেইন-২০১৭ অংশগ্রহণ প্রসঙ্গে।

আলোচনা ঃ নগর পরিকল্পনাবিদ জনাব মোঃ মঈনুল ইসলাম জানান, ইউএনডিপি ও এটুআই এর যৌথ উদ্যোগে বাংলাদেশে প্রথমবারের মত স্মার্ট সিটি উইক-২০১৭ আয়োজন করতে যাচ্ছে। উক্ত মেলায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করে উন্নয়নমূলক প্রকল্প বাবুরাইল খাল ও জিমখানা লেক এর ভিডিও চিত্র তুলে ধরার ইচ্ছা পোষণ করেন।

সিদ্ধান্ত ঃ উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে উপস্থিত সকলে একমত পোষণ করেন এবং মেলায় অংশগ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

৩) আলোচ্য বিষয় ঃ ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৭ অংশগ্রহণ প্রসঙ্গে।

আলোচনা ঃ নগর পরিকল্পনাবিদ জনাব মোঃ মঈনুল ইসলাম, উপরোক্ত বিষয়ে জানান যে, স্মার্ট সিটি মেলার মত ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৭ মেলা রাজধানীর আগারগাঁওয়ে বঙ্গবন্ধু আন্তর্জাতিক কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত হবে। তিনি বলেন, বর্তমান সরকারের তথ্য ও প্রযুক্তি বিভাগে এটি সবচেয়ে বড় বাৎসরিক আয়োজন। তিনি উক্ত মেলায় অংশগ্রহণের লক্ষ্যে সিটি কর্পোরেশন এর প্রস্তুতির বিষয়টি তুলে ধরেন।

সিদ্ধান্ত ঃ উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে সকলে একমত পোষণ করেন এবং মেলায় অংশগ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

৪) আলোচ্য বিষয় ঃ জেলা উন্নয়ন মেলা-২০১৮ অংশগ্রহণ প্রসঙ্গে।

আলোচনা ঃ প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, জনাব কে,এম ফরিদুল মিরাজ জানান যে, প্রতি বছরের ন্যায় এবারও জেলা ডিজিটাল উন্নয়ন মেলা অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত মেলায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের উন্নয়ন প্রকল্প এবং ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা তুলে ধরার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়াও উক্ত মেলায় ব্যানার স্থাপন, লিফলেট এবং সিটিজেন চার্টার মেলায় আগত দর্শনার্থীদের মাঝে বিতরণ নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে সকলে একমত পোষণ করেন এবং মেলায় অংশগ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে আহ্বায়ক, জনাব মোঃ মঈনুল ইসলাম সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এ,এফ,এম এহতেশামূল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
২৯/৫ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
ফোন: ০২-৭৬৩৩৪২৩
ই-মেইল: ceo@ncc.gov.bd

স্মারক নং-৪৬.৪৪.৬৭০০.০০৪.০৬(২).২১.১৫/ তারিখঃ

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২। প্রকল্প পরিচালক, সিটি গভর্নেন্স প্রকল্প (সিজিপি), আরডিইসি ভবন, লেভেল-৮, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৩। মেডিকেল অফিসার, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৪। জনাব মোঃ আজগর হোসেন, নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৫। জনাব কে এম ফরিদুল মিরাজ, প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৬। জনাব মোঃ মঈনুল ইসলাম, নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭। জনাব মোঃ আবুল বাসার, সহকারী সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৮। জনাব আলমগীর হিরন, পরিচ্ছন্ন কর্মকর্তা,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৯। জনাব মোঃ আবুল হোসেন, পরিচ্ছন্ন কর্মকর্তা,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১০। জনাব ফয়েজ আহমেদ, হিসাব রক্ষক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১১। পি এ টু মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(এ,এফ,এম এহতেশামূল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন